

নির্দেশ বিজ্ঞপ্তি নং- ৬০০ /২০১৮

তারিখঃ ১৩-০২-২০১৮ খ্রিষ্টাব্দ  
০১ ফাল্গুন, ১৪২৪ বঙ্গাব্দ

সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক  
একান্ত সচিব, সিইও এন্ড এমডি এবং সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক  
সকল সহকারী মহাব্যবস্থাপক, ব্যবস্থাপক  
জনতা ব্যাংক লিমিটেড  
সকল কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/  
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/ সকল শাখা  
জনতা ব্যাংক স্টাফ কলেজ- ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, কুমিল্লা, ময়মনসিংহ, ~~খুলনা, বরিশাল~~  
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

বিষয়ঃ ঋণের বিপরীতে গৃহীত জামানতের একটি তথ্যভান্ডার প্রস্তুতকরণ এবং ১(এক) টাকা ও তদূর্ধ্ব বকেয়া  
সম্পন্ন সকল ঋণ (স্টাফ ঋণ ব্যতিত) সিআইবি বিবরণীতে অন্তর্ভুক্তকরণ প্রসঙ্গে।

মহোদয়,


শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের পত্র নং-সিআইবি-২(১)/২০১৭-১২৮৩ তারিখ ০১/০৬/২০১৭ এর  
মাধ্যমে নিম্নলিখিত পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছেঃ

- (১) ১(এক) টাকা ও তদূর্ধ্ব বকেয়া স্থিতিসম্পন্ন ঋণ থেকে শুরু করে পজিটিভ/নেগেটিভ ক্রেডিট কার্ড ও  
অন্যান্য সকল ঋণ তথ্য ফেব্রুয়ারী, ২০১৮ Monthly Batch Contribution এর মাধ্যমে সিআইবি  
ডাটাবেইজে রিপোর্ট করা।
- (২) সিআইবি রিপোর্টে প্রদর্শিত Credit History ১২ মাস থেকে ২৪ মাসে বৃদ্ধি করা।
- (৩) জামানত তথ্য ভান্ডারের Input Structure অনুযায়ী ফেব্রুয়ারী, ২০১৮ হতে জামানত সংক্রান্ত ডাটা  
রিপোর্টিং করা।


এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত নির্দেশনার ১ নং অনুচ্ছেদ মোতাবেক ১(এক) টাকা ও তদূর্ধ্ব বকেয়া  
স্থিতিসম্পন্ন শস্য ঋণ, চাকুরীজীবী ঋণ, পজিটিভ/নেগেটিভ ক্রেডিট কার্ড সহ যে সকল ঋণ সিআইবিতে অদ্যাবধি  
রিপোর্ট করা হয়নি সে সকল ঋণের সাবজেক্ট ডাটা ও কন্ট্রোল ডাটা এবং ৩ নং অনুচ্ছেদ মোতাবেক ঋণের  
বিপরীতে গৃহীত জামানতের তথ্য এন্ট্রি পূর্বক ফেব্রুয়ারি, ২০১৮ মাস হতে মাসিক ভিত্তিতে সিআইবিতে রিপোর্ট  
করতে হবে।

উল্লেখ্য যে, শীঘ্রই সহজামানত সংক্রান্ত প্রোগ্রামের URL, user name ও password সকল কালেকটিং  
পয়েন্টে প্রেরণ করা হবে।

বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।

  
লতিফা বেগম  
উপ-মহাব্যবস্থাপক

আপনার বিশ্বস্থ,

  
মোহাম্মদ সাইফুর আলম  
মহাব্যবস্থাপক